দৈনিক খবর
... 12 JUL 1991
পৃষ্ঠা... ৫ ... কলাম... ৫ ...

(৬৩১)

14

# মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ এগিয়ে চলেছে

এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থানুকূল্যে মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কারিগরি সাহায্য প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে চলছে। আগামী বছরের প্রথম দিকে মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কর্মসূচী শুরু হবে বলে আশা করা যাচ্ছে। গত মঙ্গলবার শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীর সাথে ব্যাংকের প্রতিনিধিদলের সাক্ষাৎকালে একথা জানান হয়। এডিবির ম্যানিলাস্থ শিক্ষা, স্বাস্থ্য ও জনসংখ্যা বিভাগের ব্যবস্থাপক মিঃ ভেন্ডার লিনডন এ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

সাক্ষাৎকালে প্রতিনিধিদলের সদস্যগণ মন্ত্রীকে জানান যে, মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলে বসবাস করেও শিক্ষার্থীগণ শিক্ষক প্রশিক্ষণ ও সাধারণ শিক্ষার সুযোগ পাবেন। তাঁকে শিক্ষা মন্ত্রণালয় ও এডিবি-এর যৌথ উদ্যোগে আগামী ২রা ও ৩রা আগস্ট ঢাকায় জাতীয় পর্যায়ের এক কর্মশালায় মুক্ত বিশ্ববিদ্যালয়ের কারিগরিও অন্যান্য বিষয় আলোচিত হবে বলে উল্লেখ করা হয়।

সাক্ষাৎকালে চট্টগ্রাম বিভাগের প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প ও মাধ্যমিক স্তরে বিজ্ঞান শিক্ষা প্রকল্পসহ শিক্ষা খাতে এডিবি সাহায্যপুষ্ট প্রকল্প নিয়ে আলোচনা করা হয়। মন্ত্রীকে জানানো হয় যে, এশীয় উন্নয়ন ব্যাংকে চট্টগ্রাম বিভাগের প্রাথমিক শিক্ষার উন্নয়নে প্রায় ৬ কোটি ৮০ লাখ ডলার প্রদান করবে।

শিক্ষা সচিব জনাব আ ন ম ইউসুফ ঢাকায় এডিবি'র আবাসিক প্রতিনিধি মিঃ বাসুদেব ডাহাল এবং এডিবি'র উর্ধ্বতন শিক্ষা বিশেষজ্ঞ মিঃ মতিলাল শর্মা প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী মাদকদ্রব্যের ব্যাপক ব্যবহার প্রতিরোধকল্পে এগিয়ে আসার জন্য যুব সমাজ ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর প্রতি আহবান জানিয়েছেন।

তিনি বলেন, বিগত স্বৈরাচারী সরকার মুখে মাদক বিরোধী শ্লোগান তুললেও তারা কোন মাদক অপরাধীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি। ফলে মাদকদ্রব্যের ব্যাপক ব্যবহার সমাজকে বিষাক্ত করে তুলেছে। তিনি মঙ্গলবার ঢাকায় স্থানীয় এক হোটেলে বাংলাদেশ ইন্টার রিলিজিয়াস ব্রাদারহুড এসোসিয়েশন আয়োজিত 'মাদক বিরোধী আন্দোলনে যুব সমাজের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় বক্তৃতা করছিলেন। এসোসিয়েশনের সভানেত্রী বেগম মাসুদা শহীদের সভানেত্রীত্বে সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের পরিচালক মিঃ ডি কে দাস, এসোসিয়েশনের উপদেষ্টা জনাব খবির উদ্দিন আহমেদ ও জনাব এম এ জলিল প্রমুখ বক্তৃতা করেন।

শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী বলেন, কৌতূহল ও হতাশা মাদকাসক্তির কারণ হলেও উন্নত দেশগুলোতে নানা কারণে মাদকাসক্তি মারাত্মক সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, মাদকাসক্তি মানব সভ্যতার জন্য যে অত্যন্ত ভয়াবহ পরিণাম ডেকে আনতে পারে তা উপলব্ধি করার সময় এসেছে।

অধ্যাপক বি চৌধুরী বলেন, মাদকাসক্তির মাধ্যমে ঘাতক ব্যাধি এইডস সর্বগ্রাসী আকার নিতে পারে।

শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান বলেন, বিএনপি সরকার জনগণের আশা-আকাঙ্খা পূরণের লক্ষ্যে দেশে একটি গণমুখী বাস্তবভিত্তিক ও বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা চালু করবে। প্রতিমন্ত্রী মঙ্গলবার ঢাকায় বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত '২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে প্রাথমিক শিক্ষকদের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় বক্তৃতা করছিলেন। সমিতির সভাপতি জনাব নূরুল আমিন আমিরীর সভাপতিত্বে এ আলোচনা সভায় জনাব আবু আব্বাস এমপি, ডঃ এনামুল হক, প্রখ্যাত সাংবাদিক জনাব গিয়াস কামাল চৌধুরী, অধ্যক্ষ শরিফুল ইসলাম এবং সমিতির মহাসচিব জনাব ফজলুর রহমান প্রমুখ বক্তৃতা করেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার শিক্ষাকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে ব্যাপকভাবে গণশিক্ষা কর্মসূচী চালু করবে। তিনি বলেন, ২০০০ সালের মধ্যে সার্বজনীন শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সরকার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়ন করবে। তিনি এসব কর্মসূচী বাস্তবায়নে প্রাথমিক শিক্ষকদের ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করেন।
-তথ্য বিবরণী।